# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web: www.dinajpureducationboard.gov.bd, email : dinajpureducationboard@gmail.com


**স্মারক নং- ১/কল/পঞ্চ/১৫৩/৩২৮৬** **তারিখঃ ০১/০৪/২০২১ খ্রি.**

**বিষয় : উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।**

সূত্র : **শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০৬.২১.১৭৪, তারিখঃ ১৬/০৩/২০২১খ্রি.।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, **পঞ্চগড়** জেলার **সদর** উপজেলাধীন **"হাজী ছফির উদ্দীন আহম্মদ গার্লস স্কুল এন্ড কলেজ"** -এর নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ ০১/০৭/২০২০ তারিখ হতে ৩০/০৬/২০২২ তারিখ পর্যন্ত মোট ০২ (দুই) বছর মেয়াদে উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রথম অস্থায়ী স্বীকৃতির অনুমতি প্রদান করা হলো।

**শাখাসমূহ :**

**১। মানবিক, ২। ব্যবসায় শিক্ষা, ৩। বিজ্ঞান ।**

**বিষয়সমূহ :**

| | | |
|---|---|---|
| আবশ্যিক : | ১। | বাংলা। |
| | ২। | ইংরেজি। |
| | ৩। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি। |
| (ক) মানবিক শাখা : | ১। | ইতিহাস। |
| | ২। | পৌরনীতি ও সুশাসন। |
| | ৩। | সমাজবিজ্ঞান। |
| | ৪। | অর্থনীতি। |
| (খ) বিজ্ঞান শাখা : | ১। | পদার্থবিজ্ঞান। |
| | ২। | রসায়ন। |
| | ৩। | জীববিজ্ঞান। |
| | ৪। | উচ্চতর গণিত। |
| (গ) ব্যবসায় শিক্ষা শাখা : | ১। | ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা। |
| | ২। | হিসাববিজ্ঞান। |
| | ৩। | উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন। |
| (ঘ) সকল শাখার জন্য : | ১। | ভূগোল। |

**শর্তসমূহঃ**

১। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।

২। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।

৩। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শাঃ৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)- শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষন পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষন করতে হবে।

৪। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিষ্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।

৫। কলেজের জন্য নিয়মিত গভর্ণিং বডি গঠন করে যথাসময়ের মধ্যে গভর্ণিং বডির সদস্যদের নামের তালিকা অনুমোদনের জন্য বোর্ডে পাঠাতে হবে।

চলমান পাতা....

৬। উল্লেখ্য, প্রতি পঞ্জিকাবর্ষের প্রতি ৩ (তিন) মাসে গভর্ণিং বডির ন্যূনতম একটি সভা অনুষ্ঠানসহ প্রবিধানমালা, ২০০৯ এর অন্যান্য সকল শর্ত পূরণ নিশ্চিত করতে হবে।

৭। কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে;
   ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট
   খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট
   গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ৮,০০০/- (আট হাজার) টাকা বোর্ডের সচিব-এ অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমা প্রদান করতে হবে।

৮। প্রতি বিষয়ে কমপক্ষে ২৫ জন করে ছাত্র-ছাত্রী ভর্তি করতে হবে।

৯। গবেষণাগার ও গ্রন্থাগারে আরো প্রয়োজনীয় সংখ্যক যন্ত্রপাতি ও বই পুস্তকের সংখ্যা বাড়াতে হবে।

১০। অধ্যক্ষ ও শিক্ষক সারণী বোর্ড অফিস কক্ষে প্রদর্শন করতে হবে।

১১। অফিস কক্ষে চলতি সেশনের সকল শ্রেণীর ছাত্র-ছাত্রীর সংখ্যা এবং বিগত তিন বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফলের তালিকা সারণী বোর্ডে উল্লেখ থাকতে হবে।

১২। অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।

১৩। আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।

১৪। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;

১৫। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;

১৬। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;

১৭। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

অধ্যক্ষ,
হাজী ছফির উদ্দীন আহম্মদ গার্লস স্কুল এন্ড কলেজ, **(EIIN-126104)**
ডাকঘর : পঞ্চগড়
উপজেলা : সদর, জেলা : পঞ্চগড়।

**(প্রফেসর মো: ফারাজ উদ্দিন তালুকদার)**
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

**স্মারক নং- ১/কল/পঞ্চ/১৫৩/৩২৮৬** **তারিখঃ ০১/০৪/২০২১ খ্রি.**

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :**

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। মহাপরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫।
৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
৫। জেলা প্রশাসক, পঞ্চগড়।
৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর, রাজশাহী।
৭। উপজেলা নির্বাহী অফিসার, সদর, পঞ্চগড়।
৮। ওয়েব সাইট কপি।
৯। অফিস কপি।

চেয়ারম্যানের আদেশক্রমে

০১/০৪/২০২১

**(প্রফেসর মো: ফারাজ উদ্দিন তালুকদার)**
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

০২/০৪/২০২১

**জরুরী ভিত্তিতে ইন্টারেক্টিভ ওয়েব সাইট খুলুন এবং প্রতিদিন অত্র বোর্ডের ওয়েব সাইট দেখুন।**

Data(c)College-Academic Sikh